



নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২
NAOGAON PALLI BIDYUT SAMITY-2



জেনারেল ম্যানেজারের কার্যালয়
পল্লীতলা, নওগাঁ।
মোব: ০১৭৬৯৪০২১৯০
E-mail: naogaonpbs2@gmail.com
web: http://pbs2.naogaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৪৭৫.৫৭৫.০২.০০৮.২১- ২২০

তারিখঃ ০৩ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি, ২০২১ খ্রি:

“আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি”

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২-এ নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য সংশোধিত পবিস নীতি নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিলিং সহকারীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তস্বাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নামঃ বিলিং সুপারভাইজার

আবেদন করার পদ্ধতিঃ

আবেদনকারী পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদন পত্রের সাথে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ট) চাকুরীতে নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিত করণ পত্রের ফটোকপি, পবিস নির্দেশিকা অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি, বিগত ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জন ছবি (ছবি এবং দরখাস্তের সাথে দাখিলকৃত সকল কাগজপত্র এজিএম (প্রশাসন/ এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে), বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে) ও বর্তমানে কোন তদন্ত প্রক্রিয়াধীন আছে কিনা উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারের সু-স্পষ্ট সুপারিশ ও বিনা আপত্তি সনদপত্রসহ ৩১/০১/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকার মধ্যে স্ব-শরীরে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর (নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২, পল্লীতলা, নওগাঁ)-এ উপস্থিত হতে হবে।

শর্তাবলীঃ-

- ০১। প্রার্থীকে ন্যূনতম ০৭ (সাত) বৎসরের কাজের অভিজ্ঞতা (নিয়মিত হিসেবে) থাকতে হবে। প্রতি মিনিটে কমপক্ষে বাংলায় ১০ (দশ) শব্দ ও ইংরেজীতে ৩০ শব্দ টাইপের দক্ষতা থাকতে হবে।
- ০২। সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।
- ০৩। বিলিং কম্পিউটার, সার্ভার এবং অন্যান্য অফিস যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষনাবেক্ষনের অভিজ্ঞতা থাকতে হবে।
- ০৪। পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী মূল বেতন সংরক্ষন করা হবে।
- ০৫। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকার (পল্লীতলা, মহাদেবপুর, সাপাহার, পোরশা, ধামইরহাট) প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৬। অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী অথবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কিংবা তাদের স্বামী/ স্ত্রীর রক্ত সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নাই।
- ০৭। যে সকল প্রার্থী বিগত ০৩(তিন) বছরের মধ্যে কোন গুরুদন্ড, ০১ (এক) বছরের মধ্যে কোন লঘু দন্ড, বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড, বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড, বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন অথবা যাদের বিরুদ্ধে কোন তদন্ত প্রক্রিয়াধীন আছে তাদের আবেদন করার প্রয়োজন নেই।
- ০৮। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে “পবিস চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত ২০১২)” এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-৫১ এর বিধি বিধান প্রতিপালন করা হবে।
- ০৯। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১০। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।
- ১১। নিয়োগ সংক্রান্ত শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ নূরুল ইসলাম সরকার)
জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ (বিজ্ঞপ্তিট সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধ করা হলো)

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
- ০৫। ডিজিএম(সদর-কারিগরী)/মহাদেবপুর/পোরশা/ সাপাহার জোনাল অফিস, নপবিস-২।
- ০৬। এজিএম (প্রশাসন/অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা), নপবিস-২।
- ০৭। নোটিশ বোর্ড, নপবিস-২।

(মোঃ নূরুল ইসলাম সরকার)
জেনারেল ম্যানেজার।